**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**ওসমানীনগর, সিলেট।**

স্মারক নং: ০৫.৪৬.৯১৬০.০০০.০৭.০০১.২৫-৫২২(৮)

তারিখ: ০৭ জুলাই ২০২৫ খ্রি:

**বিষয়: ওসমানীনগর উপজেলায় খাদ্যবান্ধব উপকারভোগীর সংখ্যা বর্ধিতকরণ।**

সূত্র: ১। খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং- ১৩.০৫.০০০০.০৪৬.৫১.০০০১.১৭.১৮৩, তারিখ: ২৯/০৭/২০২৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়ের ০১-০৭-২০২৫ খ্রি: তারিখের নির্দেশনার আলোকে খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় পূর্বের অনুমোদনকৃত উপকারভোগীর সাথে ওসমানীনগর উপজেলায় নতুন ভাবে ২০০ (দুইশত) জন উপকারভোগীর অন্তর্ভুক্তি করার অনুমোদন পাওয়া যায়।

নিম্নোক্ত "ছক" এর বিভাজন অনুযায়ী অত্র উপজেলার সকল ইউনিয়নের বিপরীতে নতুনভাবে উপকারভোগীর অন্তর্ভুক্তির জন্য খাদ্যবান্ধব কর্মসূচী নীতিমালা-২০২৪ অনুসারে উপকারভোগী যাচাই বাছাই পূর্বক তালিকা প্রস্তুত এবং বিদ্যমান অনুমোদিত তালিকার কোন উপকারভোগীর মৃত্যু হলে, বিদেশ চলে গেলে বা কোন উপকারভোগী দারিদ্র্য থেকে উত্তরণ ঘটলে সেই মোতাবেক বিদ্যমান উপকারভোগীর তালিকা হালনাগাদ করে উভয় তালিকা (ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি কর্তৃক স্বাক্ষরিত) আগামী ১৪ জুলাই ২০২৫ খ্রি: তারিখের মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ওসমানীনগর বরাবর অথবা ucfosmaninogar@gmail.com ই-মেইলে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। (বি:দ্র: উপকারভোগীর তালিকা “ছক-ক” অনুযায়ী এক্সেল ওয়ার্ড শীটে নিকস ফন্টে সফটকপিসহ প্রেরণ করতে হবে)।

| ক্র: নং | উপজেলার নাম | ইউনিয়নের নাম | নতুন অন্তর্ভুক্ত উপকারভোগীর সংখ্যা | উপজেলায় মোট নতুন অন্তর্ভুক্তি | মন্তব্য (যাদেরকে অন্তর্ভুক্ত করা যাবে) |
|---|---|---|---|---|---|
| ০১ | ওসমানীনগর | উমরপুর | ২৪ | ২০০ | ১। নির্বাচিত উপকারভোগী ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র থাকতে হবে।<br>২। সবচেয়ে হতদরিদ্র পরিবার, নিম্ন আয়ের মানুষ, ভূমিহীন, কৃষি শ্রমিক, দিনমজুর; বিধবা, তালাকপ্রাপ্ত, স্বামী পরিত্যাক্তা, অস্বচ্ছল বয়স্ক নারী প্রধান পরিবার, দুঃস্থ পরিবারের শিশু বা প্রতিবন্ধী অগ্রাধিকার পাবে।<br>৩। বিদ্যমান তালিকা হতে কোন উপকারভোগীর নাম নতুন তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না। |
| ০২ | | সাদিপুর | ৩০ | | |
| ০৩ | | পশ্চিম পৈলনপুর | ১৫ | | |
| ০৪ | | বুরুঙ্গা | ১৬ | | |
| ০৫ | | গোয়ালাবাজার | ২৫ | | |
| ০৬ | | তাজপুর | ৩০ | | |
| ০৭ | | দয়ামীর | ৩০ | | |
| ০৮ | | উছমানপুর | ৩০ | | |

**নতুন অন্তর্ভুক্তি উপকারভোগীর তথ্য প্রদানের ছক-ক**

| উপকারভোগীর নাম | পিতার নাম | জন্ম তারিখ | পেশা | গ্রামের নাম | ওয়ার্ড নং | জাতীয় পরিচয়পত্র নং | মোবাইল নম্বর | স্বামী/স্ত্রীর নাম | স্বামী/স্ত্রীর জাতীয় পরিচয়পত্র নং | স্বামী/স্ত্রীর জন্ম তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | | | |

**বি:দ্র: একই পরিবারের একাধিক ব্যাক্তি এবং বিডব্লিউবি সুবিধাপ্রাপ্তদেরকে তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না।**

07.07.2025

জয়নাল আবেদীন
উপজেলা নির্বাহী অফিসার
ওসমানীনগর, সিলেট।

**চেয়ারম্যান ................................... ইউ/পি**
**ওসমানীনগর, সিলেট।**

স্মারক নং: ০৫.৪৬.৯১৬০.০০০.০৭.০০১.২৫-৫২২(৮)/১(৭)

তারিখ: ০৭ জুলাই ২০২৫ খ্রি:

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। জেলা প্রশাসক, সিলেট।

০২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট।

০৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট।

০৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ওসমানীনগর, সিলেট। (সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণদের সাথে যোগাযোগপূর্বক দ্রুত তালিকা সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে)

০৫। উপজেলা .................. অফিসার, সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, ওসমানীনগর, সিলেট।

০৬। ইউডিসি সকল .......................... ইউ/পি, ওসমানীনগর, সিলেট।

০৭। অফিস কপি।

07.07.2025

উপজেলা নির্বাহী অফিসার
ওসমানীনগর, সিলেট